

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৬. মহিলাদের উযু-গোসলের অবশিষ্ট পানি পুরুষের ব্যবহার করা

بَابُ اسْتِعْمَالِ الرَّجُلِ فَضْل وَضُوءِ الْمَرْأَةِ

আরবী

نَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا زَيْدُ بْنُ أَخْرَمَ ، نَا أَبُو دَاوُدَ ، نَا شُعْبَةُ ، عَنْ عَاصِمِ الْأَحْوَلِ ، قَالَ : سَمِعْتُ أَبَا حَاجِبِ يُحَدِّثُ ، عَنِ الْحَكَمِ بْنِ عَمْرٍو أَنَّ النَّبِيَّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ نَهَى أَنْ يُتَوَضَّأَ بِفَصْلُ وَضُوءِ الْمَرْأَةِ ، أَوْ ، قَالَ : شَرَابِهَا قَالَ شُعْبَةُ : وَأَخْبَرَنِي سُلَيْمَانُ التَّيْمِيُّ ، قَالَ : سَمِعْتُ أَبَا حَاجِبِ يُحَدِّثُ ، عَنْ رَجُلٍ مِنْ قَالَ شُعْبَةُ : وَأَخْبَرَنِي سُلَيْمَانُ التَّيْمِيُّ ، قَالَ : سَمِعْتُ أَبَا حَاجِبِ يُحَدِّثُ ، عَنْ رَجُلٍ مِنْ أَصْحَابِ النَّبِيِّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ أَنَّ النَّبِيَّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ أَنَّ النَّبِيَّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ نَهَى أَنْ يُتَوَضَّأَ بِفَصْلُ وَصَوْءِ الْمَرْأَةِ . أَبُو حَاجِبِ اسْمُهُ سَوَادَةُ بْنُ عَاصِمٍ ، وَاخْتُلِفَ عَنْهُ ؛ يُتَوَضَّأَ بِفَصْلُ وَصُوءِ الْمَرْأَةِ . أَبُو حَاجِبِ اسْمُهُ سَوَادَةُ بْنُ عَاصِمٍ ، وَاخْتُلِفَ عَنْهُ ؛ يُتَوَضَّأَ بِفَصْلُ وَصُوءَ الْمَرْأَةِ . أَبُو حَاجِبِ اسْمُهُ سَوَادَةُ بْنُ عَاصِمٍ ، وَاخْتُلِفَ عَنْهُ ؛ فَرَواهُ عِمْرَانُ بْنُ حُدَيْرٍ وَغَزْوَانُ بْنُ حُجَيْرٍ السَّدُوسِيُّ عَنْهُ مَوْقُوفًا ، مِنْ قَوْلِ الْحَكَمِ غَيْرَ مَرُقُوعً إِلَى النَّبِيِّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَلْقُوفًا ، مِنْ قَوْلِ الْحَكَمِ غَيْرَ مَرُقُوعً إِلَى النَّبِيِّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

১৩৮(৮). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আল-হাকাম ইবনে আমর (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহিলাদের উযুর অবশিষ্ট পানি দিয়ে পুরুষদের উযু করতে নিষেধ করেছেন অথবা বলেছেনঃ মহিলাদের পান করার পর অবশিষ্ট পানি দিয়ে।

শো'বা (রহঃ) বলেন, আমাকে সুলায়মান আত-তায়মী (রহঃ) হাদীস শুনান। তিনি বলেন, আমি আবু হাজিবকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এক সাহাবীর সূত্রে হাদীস বর্ণনা করতে শুনেছি যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহিলাদের উযুর অবশিষ্ট পানি দিয়ে পুরুষদের উযু করতে নিষেধ করেছেন। আবু হাজিব-এর নাম সাওয়াদা ইবনে আসেম, তার থেকে উক্ত হাদীস বর্ণনায় মতভেদ করা হয়েছে। অতএব ইমরান ইবনে জারীর ও গাযাওয়ান ইবনে হুজাইর আস-সাদৃসী (রহঃ) তার নিকট থেকে এটি মওকূফ হিসাবে বর্ণনা করেছেন, হাকামের বক্তব্য হিসাবে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বক্তব্য নয়।



হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আল-হাকাম ইবনে আমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন